

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.১৯.০০.০০১.২০১৪-১৩৮

তারিখ: ৩০-০৫-২০১৯ খ্রি:


বিষয়: ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের সংশোধিত স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যান-এ প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-এইচইডি/প্রশা:/ওয়ার্কশপ/২৪২/২০১৫/১০৩২, তাং-১৪-০৫-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রস্তাব মোতাবেক ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতে ২২টি ব্যাচে ২৭১জন প্রশিক্ষণার্থীর বিপরীতে প্রণীত ৩৩.১৭ লক্ষ (তেরিশ লক্ষ সত্তের হাজার) টাকার স্থানীয় প্ল্যান এবং ১০টি ব্যাচে ৭৭জন কর্মকর্তা/কর্মচারীদের বিপরীতে প্রণীত ৩১৬.৮৩ লক্ষ (তিন কোটি ষোল লক্ষ তিরিশ হাজার) টাকার বৈদেশিক প্রশিক্ষণ প্ল্যানসহ সর্বমোট (৩৩.১৭+৩১৬.৮৩) = ৩৫০.০০ লক্ষ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকার প্রশিক্ষণ প্ল্যানে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিদ্যমান বিধি-বিধান যথাযথ অনুসরণ করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের প্রশিক্ষণ যথাযথভাবে সম্পন্ন হওয়ার বিষয়টি লাইন ডাইরেক্টর কর্তৃক নিশ্চিত করতে হবে;
- (গ) সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর সরাসরি প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করবে; এক্ষেত্রে কোন এজেন্ট-এর সহযোগিতা গ্রহণ করা যাবে না;
- (ঘ) প্রশিক্ষণ ইনস্টিটিউটের সাথে যোগাযোগ সংক্রান্ত ডকুমেন্টের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (ঙ) প্রশিক্ষণ শেষে দেশে প্রত্যাবর্তন এর পর প্রশিক্ষণ সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং দলগতভাবে প্রশিক্ষণের প্রায়োগিক দিক সম্পর্কে একটি উপস্থাপনা প্রদান করতে হবে;
- (চ) স্থানীয় প্রশিক্ষণে Institution Based প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া। এ ক্ষেত্রে নিপোর্ট, নিপসমকে অগ্রাধিকার দিয়ে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় যোগাযোগ/সমন্বয় করতে হবে;
- (ছ) প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের ডাটাবেজ তৈরি করা।
- (জ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঝ) প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়নকালে প্রয়োজ্য সকল আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে।


মোঃ রহিমুল ইসলাম
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব(উন্নয়ন)

স্বাস্থ্য সেবা বিভাগ

ও

লাইন ডাইরেক্টর

ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৬৫.০৩২.১৯.০০.০০২.২০১৬-১৩৯

তারিখ: ৩০-০৫-২০১৯ খ্রি:


বিষয়: ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির এইচইডি অংশের ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ প্রশাসনিক অনুমোদন প্রদান

সূত্র: স্মারক নং-এইচইডি/এইচপিএনএসপি/এপিপি-গুডস-৭৩/২০১৭/১০৩৬, তাং-১৪-০৫-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রস্তাব মোতাবেক ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) ওপির ২০১৮-২০১৯ অর্থবছরের জিওবি (উন্নয়ন) খাতের এইচইডি অংশের ৬টি প্যাকেজের বিপরীতে ১৪৫৬.০৯ লক্ষ (চৌদ্দ কোটি ছাশ্বান্ন লক্ষ নয় হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের সংশোধিত প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (গ) ক্রয় প্রক্রিয়ায় OTM (Open Tender Method) পদ্ধতি অনুসরণ করতে হবে;
- (ঘ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে এবং গাড়ি Shipment এর পূর্বে PIS এর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঙ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (চ) ক্রয় পরিকল্পনা বাস্তবায়নকালে প্রযোজ্য সকল আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (ছ) ক্রয়ের ক্ষেত্রে কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।


(মোঃ রফিকুল ইসলাম)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৬৪৫

অতিরিক্ত সচিব(উন্নয়ন)

স্বাস্থ্য সেবা বিভাগ

ও

লাইন ডাইরেক্টর

ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি)

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।